



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-অ/৩৮৩/নার/ ২৭৪

তারিখ: ২০/০৬/২০২২

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব গাজী নাজমুল হুদা- কে সূত্রোক্ত মহামান্য হাইকোর্টের আদেশ অনুসরণ পূর্বক বোর্ডকে অবহিত করণ প্রসংঙ্গে।

- সূত্র: ১) প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব গাজী নাজমুল হুদা কর্তৃক বোর্ডে গত ২২/০২/২০২২ তারিখে দাখিলকৃত আবেদন।
 ২) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশ।
 ৩) শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ তারিখঃ-০৬-০৮-২০১৭ এর আদেশ।
 ৪) মহামান্য হাইকোর্টের রিট নং-১৮৬১৬/২০১৭ তারিখঃ-০৯/০৯/২০২১ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলাধীন “এম. ডব্লিউ উচ্চ বিদ্যালয়” এর প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব গাজী নাজমুল হুদা- কে এডহক কমিটি কর্তৃক গত ০৮/০২/২০২১ তারিখে বিধি বহিঃভূত ভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে বোর্ডকে অবহিত করেছেন।

সূত্রোক্ত (২) ও (৩) ক্রমিকে উল্লিখিত পত্রের আদেশ মোতাবেক বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন।

সর্বশেষ সূত্রোক্ত (৪) ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের রিট নং-১৮৬১৬/২০১৭ তারিখঃ-০৯/০৯/২০২১ এর আদেশ মোতাবেক কোন স্বীকৃত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক কে সাময়িক বরখাস্তের তারিখ থেকে ১৮০ (একশত আশি) কার্যদিবসের মধ্যে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে কার্যধারা শুরু করতে হবে, এতে ব্যর্থ হলে কার্যধারা ছুটি/সমাপ্ত হবে এবং তাকে একই পদে পুনঃপ্রতিষ্ঠিত করা হবে এবং সমস্ত বেতন অন্যান্য সুবিধা প্রাপ্ত হবেন।

উল্লেখ্য যে, সূত্রোক্ত (২) থেকে (৪) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের আদেশ ও শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নির্দেশনা কে উপেক্ষা করে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব গাজী নাজমুল হুদার চূড়ান্ত বরখাস্ত করণের বিষয়ে বিদ্যালয়ের কর্তৃপক্ষ অদ্যাবদি প্রয়োজনীয় কোন পদক্ষেপ গ্রহণ করে নাই।

এমতাবস্থায়, সূত্রোক্ত (২) হতে (৪) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের আদেশ ও শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আদেশ/নির্দেশনা কে অনুসরণ করে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব গাজী নাজমুল হুদা এর বিষয়ে আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

সভাপতি

এডহক কমিটি

এম.ডব্লিউ উচ্চ বিদ্যালয়

সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

মেমো নং- ২৭৪(৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নারায়ণগঞ্জ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৪। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), এম.ডব্লিউ উচ্চ বিদ্যালয়, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৫। জনাব, গাজী নাজমুল হুদা, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), এম.ডব্লিউ উচ্চ বিদ্যালয়, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৬। অফিস কপি।

তারিখ: ২০/০৬/২০২২


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


২০/০৬/২০২২